



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
ঢাকা।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

এসএফডি সার্কুলার নং: ০২

তারিখ: ০৬ নভেম্বর, ২০২৪  
২১ কার্তিক, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

## পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

এসএফডি সার্কুলার নং- ০১/২০২১, তারিখ: ১১ জানুয়ারি ২০২১ এবং এসএফডি সার্কুলার লেটার নং- ০৩/২০২১, তারিখ: ০৪ আগস্ট ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) প্রত্যেক তফসিলভুক্ত ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি পঞ্জিকা বছরের প্রারম্ভে পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের বার্ষিক লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক নীট বকেয়া ঋণ ও অগ্রিম স্থিতির (মোট ঋণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঋণ, মোট শ্রেণিকৃত ঋণ ও ক্রেডিট কার্ড ঋণ বাদ দিয়ে নির্ণীত হবে) যথাক্রমে অনূন ৫% ও ৪০% এর ভিত্তিতে নির্ধারণ করবে এবং সংশ্লিষ্ট বছরে তা অর্জন নিশ্চিত করবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট বছরের লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের তুলনায় কখনই কম হবে না।

(খ) ২০২৫ সাল হতে পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন বার্ষিক লক্ষ্যমাত্রা সংযুক্ত ছক (সংযোজনী-১) মোতাবেক এ বিভাগে প্রতি বছর জানুয়ারি মাসের শেষ কর্মদিবসের মধ্যে দাখিল করতে হবে।

(গ) ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন কার্যক্রমের অর্জন তাদের CAMELS Rating এবং Sustainability Rating-এর মূল্যায়নকালে বিবেচিত হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)

পরিচালক (এসএফডি)

ফোন: ৯৫৩০৩২০

E-mail: chowdhury.ali@bb.org.bd



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
ঢাকা।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

সংযোজনী-১

## পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন লক্ষ্যমাত্রা

ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির নাম:

সংশ্লিষ্ট বছর/সাল:

(মিলিয়ন টাকায়)

মোট ঋণ ও অগ্রিম স্থিতি*	কর্মচারী ঋণ স্থিতি*	মোট শ্রেণিকৃত ঋণ স্থিতি*	ক্রেডিট কার্ড ঋণ স্থিতি*	নীট ঋণ ও অগ্রিম স্থিতি*	পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা	টেকসই অর্থায়ন লক্ষ্যমাত্রা	পূর্ববর্তী বছরের লক্ষ্যমাত্রা		সংশ্লিষ্ট বছরের চূড়ান্ত লক্ষ্যমাত্রা	
							পরিবেশ বান্ধব অর্থায়ন	টেকসই অর্থায়ন	পরিবেশ বান্ধব অর্থায়ন	টেকসই অর্থায়ন
১	২	৩	৪	৫ = ১- (২+৩+৪)	৬ = (৫x৫%)	৭ = (৫x৪০%)	৮	৯	১০	১১

\*পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক

স্বাক্ষর:

রিপোর্টিং অফিসারের নাম:

মোবাইল:

ইমেইল:

স্বাক্ষর:

সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট প্রধানের নাম:

মোবাইল:

ইমেইল: